ইত্তেফাক

তারিখ 02 JUL 1986

পৃষ্ঠা ... 1 [redacted] 7 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো

ডকুমেন্টেশন

040

# পরীক্ষা কেন্দ্র পরিবর্তনের প্রবণতা

। নাজমুল হাসান ।

চলতি এইচএসসি পরীক্ষায় বহু সংখ্যক ছাত্রছাত্রী পরীক্ষার পূর্বক্ষণে কলেজ পাল্টাইয়া মফস্বলের প্রত্যন্ত অঞ্চলের কলেজ হইতে পরীক্ষার ফর্ম পূরণ করিয়াছে। নিজস্ব কলেজেই পরীক্ষা কেন্দ্র. ঢাকা বোর্ডের অধীন এমন ১৯টি কলেজ হইতে এবার গত বৎসরের তুলনায় দ্বিগুণ হইতে পাঁচগুণ পর্যন্ত পরীক্ষার্থী এইচ এস সি

( ৮ম পৃঃ ৮-এর কঃ দ্রঃ )

## পরীক্ষা কেন্দ্র পরিবর্তনের প্রবণতা

( ১ম পৃঃ পর )

গিয়াছে। বোর্ড কর্তৃপক্ষও এ সকল ঘটনার সত্যতা স্বীকার করিয়াছেন।

নকলের 'অবাধ সুযোগ' গ্রহণের জন্যই নাকি বহু পরীক্ষার্থী পরীক্ষাকেন্দ্র পরিবর্তন করিয়াছেন।

দোহার-নবাবগঞ্জ কলেজে গত বৎসর এইচএসসি পরীক্ষার্থী ছিল ২২০ জন, এবার এই সংখ্যা ৪০৫ এ বৃদ্ধি পাইয়াছে। নারায়ণগঞ্জের মুড়াপাড়া কলেজে গতবার ছিল ৪৯৮ জন পরীক্ষার্থী এবার পরীক্ষা দিতেছে ৭৪৯ জন পরীক্ষার্থী। ভাওয়ালের কাজী আজিম উদ্দিন কলেজ হইতে এবার পরীক্ষা দিতেছে ৬৫৯জন পরীক্ষার্থী, গতবার এই সংখ্যা ছিল ৩৮৫। কাপাসিয়া কলেজের এবারের পরীক্ষার্থী সংখ্যা ৯২১, গত বৎসর এই কলেজ হইতে পরীক্ষা দিয়াছিল ৬১৫ জন পরীক্ষার্থী। মানিকগঞ্জের মেমেরিয়াল কলেজে গত বার পরীক্ষার্থী ছিল ৪৯৮, এবার বৃদ্ধি পাইয়া হইয়াছে ৮৬৬। ময়মনসিংহের ফুলপুর কলেজে এ বৎসর পরীক্ষার্থী ৪৭৮ জন, গত বৎসর ছিল ২৫৪ জন। গফর্গাও কলেজে গত বৎসর পরীক্ষার্থী ছিল ৫৭৭, এ বারের সংখ্যা ৭৫৮। নান্দাইলের শহীদ স্মৃতি আদর্শ কলেজে গত বৎসর পরীক্ষার্থী ছিল ৩৫৬ জন, এবার ৫৭৬। ঈশ্বরগঞ্জ আঠারবাড়ী কলেজে এ বৎসর পরীক্ষার্থী সংখ্যা গতবারের চাইতে প্রায় ৫ গুণেরও বেশী বৃদ্ধি পাইয়াছে। গত বৎসর এই কেন্দ্রে পরীক্ষার্থী ছিল ১১৮ জন, এবার পরীক্ষা দিতেছে ৬১০ জন। নেত্রকোনার তেলিগাতী কলেজে পরীক্ষার্থীর সংখ্যা এবার ৬ গুণেরও বেশী বৃদ্ধি পাইয়াছে। গত বৎসর এই কলেজ হইতে ১০১ জন পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অবতীর্ণ হয়, এবার এই সংখ্যা ৬১৯। নেত্রকোনার মোহনগঞ্জ কলেজে গত বৎসর পরীক্ষার্থী ছিল ২৮৭ জন, এবার ৫৬৩ জন। কিশোরগঞ্জের কটিয়াদি কলেজে এবার পরীক্ষার্থী ৪০৪ জন, গতবার ছিল প্রায় অর্ধেক—২২৯ জন। কিশোরগঞ্জের কুলিয়ারচর কলেজের পরীক্ষার্থী সংখ্যা এবার বৃদ্ধি পাইয়া হইয়াছে ৪৮৮, গতবার ছিল ২৭৬। জামালপুরের নান্দিনা কলেজ হইতে এবার ৬৪২ জন পরীক্ষার্থী এইচ-এস সি পরীক্ষা দিতেছে, গতবার এই কলেজ হইতে মাত্র ৩৮১ জন পরীক্ষা দিয়াছিল। জামালপুরের সরিষাবাড়ী কলেজের পরীক্ষার্থী সংখ্যা, এবার ৯৬৮, গত বৎসর এই সংখ্যা ছিল মাত্র ৩৪৬। টাঙ্গাইলের শামসুল হক কলেজের পরীক্ষার্থী সংখ্যা এবার ৯০৬-এ বৃদ্ধি পাইয়াছে। গত বৎসর মাত্র ১৭৮ জন পরীক্ষার্থী এই কলেজ হইতে পরীক্ষা দেয়। ধনবাড়ী কলেজ হইতে এবার ১১৮০ জন পরীক্ষার্থী পরীক্ষা দিতেছে, গত বার এই সংখ্যা ছিল ৬১৪। পাকুটিয়া বি,সি,আর,জি কলেজ কেন্দ্রের পরীক্ষার্থী সংখ্যা এবার ৩ গুণ বৃদ্ধি পাইয়া হইয়াছে ৬১৯, গতবার ছিল ২২১ জন। ভূয়াপুর কলেজ হইতে এ বৎসর গতবারের প্রায় দ্বিগুণ, ১০২৪ জন পরীক্ষার্থী অংশ নিতেছে। গতবার এই সংখ্যা ছিল ৬৫৭। ঈশ্বরগঞ্জের আঠারবাড়ী কলেজ কেন্দ্রে অবাধে নকল হওয়ার অভিযোগ পাইয়া ঢাকা বোর্ডের ২জন কর্মকর্তা ২৬শে জুন কেন্দ্র পরিদর্শনে গেলে তাহাদের আটক করা হয়।